



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

পীরগঞ্জ সরকারি কলেজ

পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

Website: www.pirganjgc.edu.bd; Email: pgc_net@yahoo.com, c3509@nu.ac.bd; EIIIN: 128965

অধ্যক্ষ ফোন: ০২৫৮৯৯৩৩১৮৪, মোবাইল: ০১৭৪০৪৭৩৪৯৩, ০১৩০৯১২৮৯৬৫; উপাধ্যক্ষ ফোন: ০২৫৮৯৯৩৩২০২

বিজ্ঞপ্তি নং-১৪৯

তারিখ: ০৭/০৫/২০২৪খ্রি.

৥ বিজ্ঞপ্তি ৥

স্নাতক (পাস) ও সমমান পর্যায়ে উপবৃত্তির আবেদন এন্ড্রির বিজ্ঞপ্তি ২০২৪


এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক স্নাতক (পাস) ও সমমান পর্যায়ে ২০২১-২২ (ডিগ্রি ১ম বর্ষ) শিক্ষাবর্ষে অধ্যয়নরত/ভর্তিকৃত আর্থিকভাবে অসচ্ছল পরিবারের শিক্ষার্থীদের উপবৃত্তি, টিউশন ফি ও অন্যান্য সুবিধাদি প্রদান করা হবে। আগ্রহী শিক্ষার্থীদের উপবৃত্তি, টিউশন ফি ও অন্যান্য সুবিধাদি পাওয়ার লক্ষ্যে নিম্নবর্ণিত সময়সূচি ও নির্দেশনা অনুসারে এই লিংকের মাধ্যমে <https://estipend.pmeat.gov.bd> আবেদন করতে বলা হলো।

আবেদনের সময়সূচি:


শিক্ষার্থীদের নিজ উদ্যোগে এই <https://estipend.pmeat.gov.bd> সফটওয়্যারে অনলাইনে আবেদন করার তারিখ ও সময় ০৮ মে ২০২৪খ্রি. সকাল ০৯.০০ টা থেকে ২৩ মে ২০২৪খ্রি. রাত ১১.৫৯ টা পর্যন্ত।

উপবৃত্তি প্রাপ্তির শর্তাবলি:

- স্নাতক ও সমমান পর্যায়ে অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থী হতে হবে;
- শ্রেণিকক্ষে কমপক্ষে ৭০% উপস্থিতি থাকতে হবে;
- শিক্ষার্থীকে পূর্বের পরীক্ষার প্রকাশিত ফলাফলে শতকরা ন্যূনতম ৬০ভাগ নম্বরপ্রাপ্ত/জিপিএ ৫.০০ স্কেলে ৩.৭৫/সিজিপিএ ৪.০০ স্কেলে ৩.০০ প্রাপ্ত হতে হবে।
- পিতা/মাতা/অভিভাবকের বাৎসরিক আয় ২ (দুই) লক্ষ টাকার কম হতে হবে।
- প্রজাতন্ত্রের বেসামরিক কর্মে নিয়োজিত সকল সরকারি-আধাসরকারি-স্বায়ত্তশাসিত দপ্তর ও সাংবিধানিক প্রতিষ্ঠানে কর্মরত 'জাতীয় বেতন স্কেল ২০১৫' অনুযায়ী ১৩ থেকে ২০ তম গ্রেডের সকল কর্মচারীর সন্তান উপবৃত্তি প্রাপ্তির যোগ্য বিবেচিত হবে; এবং
- বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থী, এতিম শিক্ষার্থী, তৃতীয় লিঙ্গের শিক্ষার্থী, ভূমিহীন পরিবারের সন্তান, বীর মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান, প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত এবং দুস্থ পরিবারের সন্তান উপবৃত্তি প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।


অধ্যক্ষ

পীরগঞ্জ সরকারি কলেজ
ঠাকুরগাঁও।


আহবায়ক

মো. রবিউল আউয়াল
(সহকারি অধ্যাপক, দর্শন)
বৃত্তি ও উপবৃত্তি কমিটি ২০২৪
পীরগঞ্জ সরকারি কলেজ
ঠাকুরগাঁও।